

এশিয়াটিক সোসাইটির ২০২২-২০২৩ সনের কাউন্সিল নির্বাচনে অধ্যাপক শরীফ- অধ্যাপক করিম প্যানেলের পরিচিতি অনুষ্ঠান



৫ জানুয়ারি ২০২২, বুধবার এশিয়াটিক সোসাইটির ২০২২-২০২৩ সনের কাউন্সিল নির্বাচনে অধ্যাপক শরীফ-অধ্যাপক করিম প্যানেলের পরিচিতি অনুষ্ঠান জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। পরিচিতি অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক এবং বিশেষ অতিথি হিসেবে ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ উপস্থিত ছিলেন।

এসময় প্যানেল পরিচিতি অনুষ্ঠানে সভাপতি পদপ্রার্থী ইতিহাস বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন শিক্ষক অধ্যাপক ড. শরীফ উদ্দীন আহমদ, সাধারণ সম্পাদক পদপ্রার্থী উদ্ভিদবিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. মোঃ আব্দুল করিম, সদস্যপ্রার্থী পদার্থবিজ্ঞান বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. মোঃ কামরুল আলম খান, সহসভাপতি পদপ্রার্থী ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক ড. এ কে এম গোলাম রাব্বানী, জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. আবুল হোসেনসহ অন্যান্য শিক্ষকবৃন্দ বক্তব্য প্রদান করেন।